

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নম্বরঃ ১১৭৮

৩২/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩২/৪১. আবু জাহল হত্যা।

قتل أبي جهل

আরবী

حديث أنس رضي الله عنه، قال: قال النبي صلى الله عليه وسلم، يوم بدرٍ: مَنْ يَنْظُرْ مَا فَعَلَ أَبُو جَهْلٍ فَاَنْطَلِقْ ابْنُ مَسْعُودٍ، فَوَجَدَهُ قَدْ ضَرَبَهُ ابْنَا عَفْرَاءَ، حَتَّى بَرَدَ فَأَخَذَ بِلِحْيَتِهِ فَقَالَ: أَنْتَ أَبَا جَهْلٍ قَالَ: وَهَلْ فَوْقَ رَجُلٍ قَتَلَهُ قَوْمُهُ، أَوْ قَالَ: قَتَلْتُمُوهُ

বাংলা

১১৭৮. আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেছেন, (বদরের দিন) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আবু জাহলের কী অবস্থা হল কেউ তা দেখতে পার কি? তখন ইবনু মাসউদ (রাঃ) বের হলেন এবং দেখতে পেলেন যে, 'আফরার দুই পুত্র তাকে এমনভাবে মেরেছে যে, মুমূর্ষ অবস্থায় মাটিতে পড়ে আছে। রারী বলেনঃ 'আবদুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) তার দাড়ি ধরে বললেন, তুমিই কি আবু জাহল? আবু জাহল বললঃ সেই লোকটির চেয়ে উত্তম আর কেউ আছে কি যাকে তার গোত্রের লোকরা হত্যা করল অথবা বলল তোমরা যাকে হত্যা করলে?

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৪ : মাগায়ী, অধ্যায় ১, হাঃ ২৬৯১; মুসলিম, পর্ব ৩২ : জিহাদ, অধ্যায় ৪০, হাঃ ১৮০০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84406>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন